

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ২৫

১০ ভাদ্র, ১৪১৭
তারিখ:-----
২৫ আগস্ট, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

রেভিনিউ স্ট্যাম্প প্রদান/ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/০৭/২০১০ তারিখের স্মারক নং অম/অসবি-৩-০১/২০০৮(স্ট্যাম্প)-১১৫(১৪০) আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে অপর পৃষ্ঠায় হুবহু পুনর্মুদ্রিত হলো।

২। বর্ণিত নির্দেশনা আপনাদের সকল শাখাকে অবিলম্বে অনুসরণ এবং তার পরিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ সোহরাওয়ার্দী)

মহাব্যবস্থাপক

ফোন: ৭১১৭৮২৫

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-৩(স্ট্যাম্প)

নং অম/অসবি-৩-০১/২০০৮(স্ট্যাম্প)-১১৫(১৪০)

০৬ শ্রাবণ, ১৪১৭ বঃ
তারিখঃ-----
২১ জুলাই, ২০১০ খ্রিঃ

বিষয়ঃ রেভিনিউ স্ট্যাম্প প্রদান/ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, Stamp Act,1899 এর ২(২৩) ধারার সংজ্ঞানুযায়ী কোন অর্থ বা অন্যবিধ সম্পত্তির ক্ষেত্রে উহার পরিমাণ বা মূল্য ২০০(দুই শত) টাকার বেশী হলে 'Receipt' গ্রহণের ক্ষেত্রে Stamp Act,1899 এর তফসিল-১ এর এন্ট্রি-৫৩ অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যাক/ব্যক্তি-কে প্রতিবার ৫(পাঁচ) টাকার রেভিনিউ স্ট্যাম্প প্রদান বাধ্যতামূলক। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে কোন কোন প্রতিষ্ঠান/ব্যাক/ব্যক্তি ৫০০ (পাঁচ শত) টাকার কম হলে রেভিনিউ স্ট্যাম্প প্রদান/ব্যবহার করে না। যা আইনতঃ দণ্ডনীয় অপরাধ।

০২। এমতাবস্থায়, Stamp Act,1899 এর ২(২৩) ধারার সংজ্ঞানুযায়ী কোন অর্থ বা অন্যবিধ সম্পত্তির ক্ষেত্রে উহার পরিমাণ বা মূল্য ২০০ (দুই শত) টাকার বেশী হলে 'Receipt' গ্রহণের ক্ষেত্রে Stamp Act,1899 এর তফসিল-১ এর এন্ট্রি-৫৩ অনুযায়ী প্রতিবার ৫(পাঁচ) টাকার রেভিনিউ স্ট্যাম্প প্রদান/ব্যবহার নিশ্চিত করার জন্য আপনার মন্ত্রণালয়ের অধীনস্থ সকল সরকারী/বেসরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন/প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারী-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

স্বাঃ/
(লুৎফুন নাহার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৫৬৫৭